



জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

রুটি, পাউরুটি ও বেকারি খাদ্যে ক্ষতিকর পটাশিয়াম ব্রোমেট (KBrO₃) ও পটাশিয়াম আয়োডেট (KIO₃) এর ব্যবহার নিষিদ্ধ সম্পর্কে জরুরী সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা রুটি, পাউরুটি ও বেকারি খাদ্য প্রস্তুতকারী/ব্যবসায়ীগণকে জানানো যাচ্ছে যে, রুটি, পাউরুটি ও বেকারি খাদ্যে সংযোজক দ্রব্য হিসেবে পটাশিয়াম ব্রোমেট (KBrO₃) ও পটাশিয়াম আয়োডেট (KIO₃) ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। মানব শরীরে পটাশিয়াম ব্রোমেটের ক্ষতিকারক দিকসমূহ নিম্নরূপ:

- ইহা থাইরয়েড গ্রন্থির রোগ সৃষ্টি করে;
 - ইহা একটি Class 2B carcinogen যা ক্যান্সার সৃষ্টি করে;
 - ইহা একটি Genotoxic Carcinogen যা জীনগত রোগ ও মিউটেশন ঘটাতে পারে;
 - ডায়রিয়া, বমিভাব, পেটের পীড়াসহ অন্যান্য উপসর্গ দেখা দিতে পারে।
- রুটি, পাউরুটি ও বেকারি খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে তাদের উৎপাদিত রুটি, পাউরুটি ও বেকারি খাদ্যে পটাশিয়াম ব্রোমেট (KBrO₃) ও পটাশিয়াম আয়োডেট (KIO₃) ব্যবহার অনতিবিলম্বে বন্ধের নির্দেশনা প্রদান করা হলো।
- সংশ্লিষ্ট সকলকে পটাশিয়াম ব্রোমেট (KBrO₃) ও পটাশিয়াম আয়োডেট (KIO₃) যুক্ত রুটি, পাউরুটি ও বেকারি খাদ্য, মোড়কবিহীন বা মোড়কে যথাযথ লেবেলবিহীন বা অনুমোদনহীন প্রতিষ্ঠানের রুটি, পাউরুটি ও বেকারি খাদ্য মজুদ, পরিবহণ ও বিক্রয় হতে বিরত থাকার নির্দেশনা প্রদান করা হলো।
- সতর্কীকরণ বিজ্ঞপ্তিটি প্রচারের পরে এ সংক্রান্ত নির্দেশনাসমূহ অমান্যকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
খাদ্য মন্ত্রণালয়



বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-এর পার্শ্বে), ভবন-২ (লেভেল- ৪,৫,৬)

১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

Email: info@bfsa.gov.bd, ওয়েবসাইট - www.bfsa.gov.bd

7 X 4 = 28